দৈনিক সংবাদ

16

তারিখ ... ... 11 FEB 1990 ...
পৃষ্ঠা ... .. .. 7 .. কলাম ... 6 ...

# সিনেট অধিবেশনের ওপর নিষেধাজ্ঞা স্থগিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন অনুষ্ঠানের ওপর জারি করা নিষেধাজ্ঞা স্থগিত করা হয়েছে। দু'জন রেজিস্টার্ড গ্রাজুয়েটের আবেদনক্রমে ঢাকার চতুর্থ সহকারী জজ আদালত ইতিপূর্বে এই নিষেধাজ্ঞা আরোপ করেছিলো।

চতুর্থ সহকারী জজ আদালতের নিষেধাজ্ঞার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের

( শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ )

## নিষেধাজ্ঞা স্থগিত

(১ম পাতার পর)

উপাচার্য, উপ-উপাচার্য ও রেজিস্ট্রার তৃতীয় অতিরিক্ত জেলা জজ আদালতে আপীল করেছিলেন। রেজিস্টার্ড গ্রাজুয়েটদের আবেদনে বলা হয়েছিল সিনেটে পরবর্তী রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের আগে অধিবেশন অনুষ্ঠিত হওয়া বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩–এর পরিপন্থী। গত বছরের ২৮শে জুন উপাচার্য সিনেট অধিবেশন ডাকার পর রেজিস্টার্ড গ্রাজুয়েটদ্বয় আদালতের আশ্রয় নেন।

আপীলকারীদের পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট জাকির আহমেদ, তাকে সহায়তা করেন মাসুমা আক্তার, মোয়াজ্জেম হোসেন ও ইদ্রিসুর রহমান।